

গাবতলী থেকে শ্যামলী পার্কিংমুক্ত ঘোষণা করলেন মেয়র আনিসুল

প্রকাশিত : ০৭ :৫৩, ৩০ ডিসেম্বর ২০১৫

গাবতলী থেকে শ্যামলী পার্কিংমুক্ত ঘোষণা করলেন মেয়র আনিসুল

স্টাফ রিপোর্টার ॥ রাজধানীর গাবতলী থেকে শ্যামলী পর্যন্ত এলাকা পার্কিংমুক্ত করার ঘোষণা দিয়েছেন ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের (ডিএনসিসি) মেয়র আনিসুল হক। আগামী ১ জানুয়ারি থেকে এ সড়কে কোন অবৈধ পার্কিং থাকবে না। তিনি বলেন, ১ জানুয়ারি থেকে শ্যামলী থেকে গাবতলী পর্যন্ত কোন যানজট হবে না। মঙ্গলবার রাজধানীর গাবতলী বাস টার্মিনালে ঢাকা উত্তর সিটি কর্পোরেশন আয়োজিত শ্যামলী থেকে গাবতলী পার্কিংমুক্ত ঘোষণা অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। একই অনুষ্ঠানে নদীপাড়ের ওয়াকওয়ে দখল করে যারা ব্যবসা করছেন তাদের সরে যেতে তিন দিন সময় বেঁধে দেন নৌপরিবহনমন্ত্রী শাজাহান খান। গাবতলী বাস টার্মিনালের অবৈধ দখলদারদের সরে যেতে সাত দিন সময় বেঁধে দেন আনিসুল হক। তিনি বলেন, 'যারা অবৈধভাবে আছেন, তারা সাত দিনের মধ্যে সরে যান। নাহলে আমরা আইন প্রয়োগে বাধ্য হব।' এক শ্রমিক নেতার বক্তব্যের জবাবে মেয়র বলেন, 'যারা বাস-ট্রাক দিয়ে ব্যবসা করেন তারা তা রাখার জায়গাও রাখবেন। সরকার লাইসেন্স দেয়ার সময় কাউকে বলেনি আপনাকে জায়গা (পার্কিংয়ের) দেয়া হবে। বাইরে রাখার জায়গা না থাকলে বাড়িতে নিয়ে রাখেন। মেয়র আরও বলেন, 'আপনাদের জন্য একটি টার্মিনাল দরকার। আমরা চেষ্টা করছি। জায়গা খুঁজছি। প্রধানমন্ত্রীও বলেছেন একটি আধুনিক বাস টার্মিনাল করতে। তবে রাজধানীর বাইরে করার জন্য তার পরামর্শ রয়েছে। আজ শুরু করলেও চার বছর সময় লেগে যাবে; অপেক্ষা করতে হবে।' মেয়র বলেন, রাস্তায় যানজটের কারণে একজন তরুণী মাকে রাস্তায় গর্ভপাত করতে আমি দেখেছি। আপনাদের কারণে কেন জনগণ ভোগান্তির শিকার হবে? আমরা এরই মধ্যে সাতটি জায়গা পার্কিংমুক্ত করেছি। এই গাবতলী একটা শেষ স্থান। আগামী ১ জানুয়ারির পর গাবতলী-শ্যামলী সড়কে কোন অবৈধ পার্কিং থাকবে না। অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় নৌপরিবহনমন্ত্রী শাজাহান খান একটি ছবি দেখিয়ে বলেন, নদীপাড়ে মানুষ যাতে মন খুলে হাঁটতে পারে সে জন্য আমরা ওয়াকওয়ে (চলার পথ) করে দিয়েছি। কিন্তু সেটাকে ঘেরাও করে অবৈধ ব্যবসা করছে। আমি তিন দিন সময় দিচ্ছি যারা এটা করছেন তারা দখল ছাড়েন। মন্ত্রী আনিসুল হককে উদ্দেশ্য করে বলেন, 'দল না করেও তিনি মেয়র হয়ে গেছেন। আমাদের চেয়েও তিনি প্রধানমন্ত্রীর কাছে হয়ে গেছেন। তিনি একজন জনপ্রিয় মেয়র। টার্মিনাল করতে যে টাকা লাগবে আমি তার জন্য একনেকের বৈঠকে ওকালতি করব।' স্থানীয় সংসদ সদস্য আসলামুল হক মালিকদের উদ্দেশ্য করে বলেন, বলতে দ্বিধা নেই, সবাই অবৈধ দখলে আছেন। আপনারা সবাই দখলবাজ। মানুষের জমি দখলে রেখেছেন। গাবতলী বাসস্ট্যান্ডে অনেকের ব্যক্তিগত গ্যারেজ রয়েছে। এগুলো ভাড়া দেয়া হচ্ছে। টার্মিনাল মানে গাড়ি

গ্যারেজ নয় । এখানে গাড়ি আসবে যাত্রী তুলবে । আমরা সন্ত্রাস-চাঁদাবাজের বিরুদ্ধে ।